


বইমেলায় প্রযুক্তির ছোঁয়া

বছর তুলে পেটা দেশের সাহিত্যপ্রেমীরা যেন অপেক্ষা থাকেন এই একটি মাসের জন্যই। প্রতি বছরের মতো এ বছরেও ওঠা হয়েছে বইমেলা। তবে সময়ের সাথে সাথে সর্বত্র যে প্রযুক্তির ব্যবহার ছড়িয়ে পড়ছে, তার থেকে কান পাড়েনি এবারের বইমেলাও। নানানভাবেই প্রযুক্তির ছোঁয়ায় সমৃদ্ধ হয়ে উঠেছে এবারের বইমেলা। এর মধ্যে রয়েছে বইমেলায় ই-তথ্যকেন্দ্র থেকে শুরু করে তথ্যপ্রযুক্তি বিষয়ক বই, অনলাইনে বই বেতাকেনার সুযোগ প্রভৃতি। এর মাধ্যমে বইমেলা যেন পেয়েছে ভিন্ন এক রূপ। গত বছরের ধারাবাহিকতায়ই এবারেও প্রযুক্তির এসু ব ছোঁয়া রয়েছে এবারের বইমেলাতেও।

গত বছরের সাথে অবশ্য একটি স্থানে এসেছে পরিবর্তন।



গত বছরের বইমেলায় বইয়ের পাণ্যপাণি বিভিন্ন ধরনের সিডি এবং ডিভিডি বিক্রি করার সুযোগ ছিল। ফলে মাল্টিমিডিয়া উপকরণের উপস্থিতি ছিল বইমেলায় সূত্র। এবারে কেবল প্রকাশকদের মাঝেই মেলায় ঊল বরাক রাখার সিদ্ধান্তে অন্যতম থাকায় সিডি/ডিভিডি বিক্রয়ও আর সুযোগ পায়নি মেলায় মগ্ন নেওয়ার। তবে তাই বলে তথ্যপ্রযুক্তি বিষয়ক বইয়ের উপস্থিতি খোঁসে নেই এবারের মেলাতেও। তবে তুলনামূলকভাবে এবারের বইমেলাতেও তথ্যপ্রযুক্তি বিষয়ক বইয়ের উপস্থিতি একটু কমই। তথ্যপ্রযুক্তি বিষয়ক বইয়ের মধ্যে অবশ্য বঙ্গবরের মতোই এগিয়ে রয়েছে সিস্টেমিক পারফরম্যান্স। তবে অন্যান্য প্রকাশনীও এ বিষয়ে বই নিয়ে আসছে। তথ্যপ্রযুক্তি বিষয়ক বইয়ের মধ্যে আউটসোর্সিং, প্রোগ্রামিং, ডিস্ট্যান্সিং, প্রাচীন ডিজাইন প্রকৃতি বিষয়ক বইয়ের চাহিদা বেশি বলেই জানিয়েছেন প্রকাশকরা।

গত বছরের মতো এবারেও বইমেলায় স্থাপন করা হয়েছে ই-তথ্যকেন্দ্র। এই ই-তথ্যকেন্দ্র থেকে মেলায় প্রতিটি ঊলের নতুন আসা বইয়ের খবর জানা যাবে। আবার প্রতিটি ঊলের অবস্থানও জানা যাবে এই ই-তথ্যকেন্দ্র থেকে। ই-তথ্যকেন্দ্রের দুই পাশে রয়েছে দুইটি টাচক্রিন মনিটর। এই মনিটরের মাধ্যমেই মেলায় আগত দর্শনারীরা যেকোনো প্রকাশনী, বই ও লেখক সম্পর্কে তথ্য জানতে পারছেন। কোন বই কোন প্রকাশনী থেকে এসেছে, কোন লেখকের কোন বইটি বাজারে এসেছে, এর সবই জানা যাবে এখান থেকে।

পড়ুবারের মতো এবারেও ডেবিট ও ক্রেডিট কার্ডের মাধ্যমে বই কেনার সুযোগ রাখবে অনেকগুলো ষ্টলেই। সব ক্ষেত্রেই ডেবিট ও ক্রেডিট কার্ডের ব্যবহার বেডাবে বেড়েছে, তার সাথে ডালমিলিয়ে চলতেই বইমেলাতেও কার্ডের মাধ্যমে বই কেনার সুযোগ পেয়েছেন বলে জানিয়েছেন প্রকাশকরা। এতে করে বইমেলাতে মগ্ন অর্থ বহনের জামেলা কমে গেছে বলেই মন্তব্য করেছেন আগত বইপ্রেমীরা।

বইমেলায় যারা আসতে পারছেন না, তাদের জন্য বইমেলায় খবরাখবর জানতে রয়েছে বিভিন্ন ওয়েবসাইট। এ ক্ষেত্রে অবশ্য হতাশ করবে বাংলা একাডেমীর ওয়েবসাইটটি। গত বছরেও এই সাইটটি মাথক সমৃদ্ধ হলেও সময়ের সাথে সাথে এর উন্নতি তো হয়ে নি, ধরং মানের দিক থেকে এর অভয়ন ঘটেছে। সেনিক থেকে <http://www.ekusheyboimela.com> সাইটটি আপনাকে সাহায্য করতে পারে বইমেলায় খবরের সাথে নিজেকে আপডেট রাখতে। সেই সাথে আরও কয়েকটি সাইট থেকে আপনি বইমেলায় সংবাদগুলো সংগ্রহ করতে পারবেন নিশ্চিত। এ রকম কয়েকটি সাইটের মধ্যে রয়েছে বাংলাদেশ২৪-এর বইমেলায় আয়োজন <http://www.banglanews24.com/specialcategory.php?newtype=4> এবং <http://www.lekhok.net>। এ ছাড়া রকমারি ডটকমেও বইমেলা উপলক্ষে পাওয়া যাচ্ছে বিশেষ ছাড়। এই ছাড় উপভোগ করা যাবে <http://www.rokomari.com> সাইটে গিয়ে। এর বাইরে এবারেরই প্রথম বইমেলা প্রাসনকে পরিণত করা হয়েছে ওয়াই-ফাই জোনে। ফলে অনলাইনে বইমেলা থেকেও মুক্ত হতে পারছেন সকলেই।